



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

হেপাটাইটিস রোগ নির্মূলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পেইন



“হেপাটাইটিস ‘বি’ এবং ‘সি’ সম্পর্কে জানুন, প্রতিরোধ করুন এবং ভাল থাকুন”-এই স্লোগানকে সামনে রেখে NOhep.org, ন্যাশনাল লিভার ফাউন্ডেশন অব বাংলাদেশ এবং World Hepatitis Alliance-এর যৌথ উদ্যোগে হেপাটাইটিস নির্মূল করার লক্ষ্যে ক্যাম্পেইন ৩০ এপ্রিল-২০১৮, সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পেইনে অংশগ্রহণকারী দল উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ক্যাম্পেইনে অংশগ্রহণকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী কামরুল ইসলাম, ওয়ায়েছ কুরুনী এবং মোঃ সায়েম সরকার উপস্থিত ছিলেন।

হেপাটাইটিস ‘বি’ এবং ‘সি’ কি? এই রোগের লক্ষণ, কিভাবে এই রোগ সংক্রামিত হয়? রোগের চিকিৎসা এবং কিভাবে এই রোগ থেকে প্রতিরোধ করা যায় ইত্যাদি বিষয়ে ক্যাম্পেইনে প্রচার করা হয়।